

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং-প্রশা-১/বিবিধ-২৬/০৭ (অংশ-১)-৭০৬

তারিখ: ২০ মে, ২০২০ খ্রিস্টাব্দ
০৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ


বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর স্মারক নং-স্বাপকম/স্বাসেবি/এসটিসিসি/বিবিধ/৮৫/২০১৮-৯৩১, তারিখ: ১৮.০৫.২০২০ খ্রি. মোতাবেক পত্রটি ইস্যু করেছেন। পত্রটিতে “জনস্বাস্থ্য সুরক্ষার স্বার্থে করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় তামাক কোম্পানিকে প্রদত্ত অনুমতি প্রত্যাহারসহ সকল তামাক কোম্পানির উৎপাদন-সরবরাহ-বিপণন ও তামাকপাতা ক্রয়-বিক্রয় কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ” করেছেন। বিষয়টি সরকারের একটি বড় পলিসি সিদ্ধান্ত সংশ্লিষ্ট যা যথাযথ কর্তৃপক্ষ হতে আবশ্যিকভাবে অনুমোদনের প্রয়োজনীয়তা ছিল। কিন্তু আপনি অনুমোদন ছাড়াই তা জারী করেছেন।

২। যেহেতু স্পর্শকাতর পত্রটি ইস্যুর ফলে দেশে তামাক শিল্পে বিদেশী বিনিয়োগকারী এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

৩। অতএব, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া উল্লিখিত স্মারকের পত্রটি ইস্যু করায় আপনাকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব মোঃ খায়রুল আলম সেখ
(পরিচিতি নং-৫৯৯৬)
যুগ্মসচিব (তামাক নিয়ন্ত্রণ সেল)
স্বাস্থ্য সেবা বিভাগ।



(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

স্মারক নং-প্রশা-১/বিবিধ-২৬/০৭ (অংশ-১)-৭০৬

তারিখঃ ২০ মে, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব